

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রক্ত সম্পর্ক ছিন্ন করে, তার সাথে মন্দ আচরণ করে, তার ব্যাপারে রক্ত সম্পর্ক আল্লাহর কাছে অভিযোগ করা প্রসঙ্গে

ذِكْرُ تَشَكِّي الرَّحِمِ إِلَى اللَّهِ جَلَّ وَعَلَا مَنْ قَطَعَهَا وَأَسَاءَ إِلَيْهَا

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْجَبَّارِ عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبِ الْقُرَظِيِّ: عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبِ الْقُرَظِيِّ: عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (الرَّحِمُ شِجْنِةٌ مِنَ الرَّحْمَنِ مُعَلَّقَةٌ بِالْعَرْشِ تَقُولُ: يَا رَبِّ إِنِّي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (الرَّحِمُ شِجْنِةٌ مِنَ الرَّحْمَنِ مُعَلَّقَةٌ بِالْعَرْشِ تَقُولُ: يَا رَبِّ إِنِّي قُطِعْتُ إِنِّي أُسِيءَ إليَّ فيُجِيبُها رَبُّهَا: أَمَا تَرْضَيْنَ أَنْ أَقْطَعَ مَنْ قَطَعَكِ وأَصِلَ مَنْ وَصَلَلَ مَنْ وَصَلَك.)

الراوي: أَبِو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 443 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ

বাংলা

88৩. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "رُحِمُن (রক্ত সম্পর্ক বা জরায়ূ) শব্দটি الرَّحْمَن (সর্বদয়ালূ) থেকে নির্গত। আরশের সাথে ঝুলে বলবে: "হে আমার প্রতিপালক, আমার সম্পর্ক ছিন্ন করা হয়েছে, আমার সাথে মন্দ আচরণ করা হয়েছে!" তখন তার প্রতিপালক বলবেন: "তুমি কি এতে সম্ভুষ্ট হবে না যে, যে ব্যক্তি তোমার এই সম্পর্ক ছিন্ন করবে, আমি তার সাথে সম্পর্ক ছিন্ন করবো, আর যে ব্যক্তি তোমার এই রক্ত সম্পর্ক বজায় রাখবে, আমিও তার সাথে সম্পর্ক বজায় রাখবো?"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৩৮; মুসনাদ আহমাদ: ২/২৯৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৩৪।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/২২৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন